

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
২৪, তোপখানা রোড, জ্যোৎস্না কমপ্লেক্স, (৫ম ও ৬ষ্ঠ) তলা, ঢাকা-১০০০।
www.eacei.gov.bd

বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কার্যক্রমের উপর প্রতিবেদনঃ

১। ভূমিকা :

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ, সরবরাহ ও ব্যবহারের প্রতিটি ক্ষেত্রে সুষ্ঠু নিয়ন্ত্রণ, জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৯১০ সালের ইলেকট্রিসিটি এ্যাক্ট এর ৩৬ ধারা বলে বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের সৃষ্টি হয়। বিদ্যুৎ আইন, ২০১৮ এর ৩১ ধারায় বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক এর স্থলে প্রধান বিদ্যুৎ পরিদর্শক হিসেবে সংশোধন করা হয়েছে। ১৯৩৭ সালের বিদ্যুৎ বিধিমালার ৬২ ও ৭৯ নং বিধি মোতাবেক শিল্প কল-কারখানাসহ সকল উচ্চ ও মধ্যম চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদানসহ ৪৯(৫) বিধি মোতাবেক উচ্চ ও মধ্যম চাপের পুরাতন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনাসমূহ মেয়াদী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা করা এ দপ্তরের অন্যতম কাজ। অপরদিকে বিদ্যুৎ বিধিমালার ৪৮(১) বিধি মোতাবেক সরকার কর্তৃক গঠিত বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতঃ বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাদেরকে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার কম্পিটেন্সি সার্টিফিকেট ও কারিগরি পারমিট প্রদান করা হয়ে থাকে। এ সকল কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের মাধ্যমে এ দপ্তর নন-ট্যাক্স রেভিনিউ (সরকারি রাজস্ব) উপার্জন করে থাকে।

১.১। রূপকল্প(Vision):

বিদ্যুৎ সঞ্চালন, বিতরণ, সরবরাহ ও ব্যবহারের প্রতিটি ক্ষেত্রে জন জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা।

১.২। অভিলক্ষ্য(Mission):

জন নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে ৫০ কিঃ ওঃ বা তদুর্ধ্ব ক্ষমতা সম্পন্ন সকল উচ্চ ও মধ্যম চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদানের পাশাপাশি বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাঁদের অনুকূলে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজারী সার্টিফিকেট ও কারিগরি পারমিট ইস্যুকরণ।

১.৩। কৌশলগত উদ্দেশ্যসমূহ(Strategic Objectives):

- (ক) নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা।
- (খ) দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্ন জনশক্তি চিহ্নিত করা।

২। কার্যাবলি(Functions):

- (১) সমগ্র বাংলাদেশের আবাসিক/এ্যাপার্টমেন্ট ভবন/বাণিজ্যিক ভবন/শিল্প কল কারখানায় ৫০ কিঃ ওঃ বা তদুর্ধ্ব বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে মধ্যম ও উচ্চ চাপের নতুন বৈদ্যুতিক স্থাপনা, উপকেন্দ্র ও লাইন সমূহ পরিদর্শন ও পরীক্ষা নিরীক্ষান্তে জানমালের নিরাপত্তা নিশ্চিত করতঃ উপকেন্দ্র চালুর অনুমোদন প্রদান;
- (২) প্রতিটি শিল্প কল কারখানার বৈদ্যুতিক স্থাপনায় জানমালের নিরাপত্তা বিধানের লক্ষ্যে প্রতি ২(দুই) বছর অন্তর অন্তর পরিদর্শন করা;
- (৩) বৈদ্যুতিক দুর্ঘটনার বিষয়ে বিদ্যুৎ বিতরণকারী সংস্থার রিপোর্টের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- (৪) নতুন সিনেমা হলের বিদ্যুৎ সংযোগের ছাড়পত্র প্রদান ও প্রদর্শনী লাইসেন্স জারির সুপারিশ করা;
- (৫) সরকার কর্তৃক গঠিত বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক বৈদ্যুতিক ঠিকাদার, প্রকৌশলীবৃন্দ ও ইলেকট্রিশিয়ানদেরকে পরীক্ষা গ্রহণের মাধ্যমে যথাক্রমে, বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার কম্পিটেন্সি সার্টিফিকেট ও ইলেকট্রিশিয়ানদের কারিগরি পারমিট প্রদান এবং এগুলো প্রতি বছর নবায়ন করা;
- (৬) পরিদর্শন ও লাইসেন্সিং কার্যক্রম সম্পন্ন করে সরকারের রাজস্ব (Non-tax Revenue) উপার্জন করা;

৩। সাংগঠনিক কাঠামো:

এনাম কমিটি কর্তৃক সুপারিশকৃত ও অনুমোদিত সাংগঠনিক কাঠামোর আওতায় অত্র দপ্তরে ৮ জন কর্মকর্তা ও ২৫ জন কর্মচারী সহ মোট ৩৩ টি পদ ছিল। সেবারমান অধিকতর উন্নয়ন ও দ্রুততরকরণের লক্ষ্যে ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে নতুন আরও ১২টি পদ ০৪ মে, ২০১৪ খ্রিঃ তারিখে চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে বর্তমানে অত্র দপ্তরে নতুন অর্গানোগ্রাম অনুযায়ী জনবল বৃদ্ধি পেয়ে দাড়িয়েছে মোট ৪৫ জন। অত্র দপ্তরে সাংগঠনিক কাঠামোর আওতায় বর্তমানে ১৬ জন কর্মকর্তা এবং ২৯ জন কর্মচারী অন্তর্ভুক্ত আছেন। পাশাপাশি অফিসটি শক্তিশালী, আধুনিকিকরণ ও ডিজিটলাইজড এবং বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০৮ মে, ২০১৯ খ্রিঃ তারিখে নতুন আরও ৯৩টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে। আশাকরা যায় পদসৃজনে অর্থ মন্ত্রণালয় ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ২০২০-২০২১ অর্থবছরের মধ্যে একটি শক্তিশালী আধুনিক অফিস স্থাপন করা সম্ভব হবে।

৪। সেবাভিত্তিক সাফল্যঃ

বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর কর্তৃক রেগুলেটরী কার্যক্রম সম্পন্ন করে গত ২০১৬-১৭, ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থবছরে সেবা প্রদানের অগ্রগতি নিম্নে বর্ণিত ছকে দেখানো হলো:

| ক্রমিক নং | কার্যক্রম | ২০১৬-১৭ অর্থবছর | ২০১৭-১৮ অর্থবছর | ২০১৮-১৯ অর্থবছর | ২০১৭-২০১৮ অর্থবছর এর তুলনায় ২০১৮- ২০১৯ অর্থবছরে অগ্রগতির হার (%) |
|--------------|--|--------------------|--------------------|--------------------|---|
| ১। | বৈদ্যুতিক উপকেন্দ্র চালুর অনুমোদন জারি | ৩৩০৭ | ৩৪৯৯ | ৩৫২৯ | (+) ০.৮৫% |
| ২। | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স জারি | ৬৯২ | ৭৯৮ | ৫০২ | (-) ৩৭.০৯% |
| ৩। | বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট জারি | ৯৮৭ | ১২৬৫ | ৮২৩ | (-) ৩৪.৯৪% |
| ৪। | বৈদ্যুতিক কারিগরি পারমিট জারি | ৫২০৮ | ৭১১৬ | ১৪০৮৬ | (+) ৯৭.৯৪% |
| ৫। | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নবায়ন | ৩৬৪৮ | ৪২৮৯ | ৪৩১৩ | (+) ০.৫৫% |
| ৬। | বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট নবায়ন | ৪৫০৮ | ৫০৬৬ | ৫৩৩৪ | (+) ৫.২৯% |
| ৭। | বৈদ্যুতিক কারিগরি পারমিট নবায়ন | ৪১৮৮ | ৪৩০২ | ৭০০৩ | (+) ৬২.৭৮% |

৫। আর্থিক সাফল্যঃ

বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা থেকে প্রতি বছরই অতিরিক্ত রাজস্ব (Non-tax Revenue) আয় করে আসছে। বিগত ৩(তিন) বছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও প্রকৃত রাজস্ব আয়ের বিবরণী নিচের ছকে দেয়া হলো। উক্ত ছকে বিগত ৩(তিন) বছরে লক্ষ্যমাত্রা অপেক্ষা কি পরিমাণ অধিক রাজস্ব আয় করা সম্ভব হয়েছে তাও দেখানো হলো।

| অর্থ বছর | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা | প্রকৃত রাজস্ব আয় | লক্ষ্যমাত্রা অপেক্ষা অধিক আয়ের পরিমাণ | লক্ষ্যমাত্রা অপেক্ষা অর্জনের হার (কম/বেশী) |
|----------|---|-------------------|---|--|
| ২০১৬-১৭ | ৮,৪৭,৫৫০০০.০০ | ১০,৩০,৬৩০০০.০০ | (+)১,৮৩,০৮০০০.০০ | (+) ২১.৬০% |
| ২০১৭-১৮ | ৯,৫০,০০০০০.০০ | ১০,৬৯,০০০০০.০০ | (+)১,১৯,০০০০০.০০ | (+) ৩.৭৮% |
| ২০১৮-১৯ | ১০,৮৫,০০০০০.০০ | ১১,৪৫,৫৪০০০.০০ | (+)৬০৫৪০০০.০০ | (+) ৫.৫৮% |



৬। সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সমস্যা:

(১) জনবলের সংখ্যা কম (২) অফিসিয়াল সকলকার্যক্রম অনলাইন ভিত্তিক না হওয়া (৩) যানবাহনের অভাব।


চ্যালেঞ্জ:

- (১) ২০২০ সালের মধ্যে সাংগঠনিক কাঠামোতে জনবল বৃদ্ধিসহ বিভাগীয় শহরে অফিস স্থাপন।
- (২) অনলাইন ভিত্তিক গ্রাহকসেবা চালুকরণসহ অফিসিয়াল সমস্ত কার্যক্রম অনলাইন ভিত্তিক বাস্তবায়ন করা।

৭। ভবিষ্যত পরিকল্পনা:

অত্র দপ্তরের কার্যক্রমের উপর সামগ্রিক একটি ডাটাবেইজ তৈরী করার জন্য ইতোমধ্যে এডিপিতে অত্র দপ্তরের একটি অটোমেশন প্রকল্প অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে দপ্তরের সকল কার্যক্রম ডাটাবেইজে রূপান্তর করে স্থায়ীভাবে ডাটা/রেকর্ড সংরক্ষণ করা সম্ভব হবে। এ সকল কাজ সম্পাদন করা হলে একদিকে যেমন অত্র দপ্তরের লাইসেন্সিং কার্যক্রম সহ বৈদ্যুতিক উপকেন্দ্রের গ্রাহকের আবেদন অন লাইনে গ্রহণপূর্বক অন লাইনে অনুমোদন পত্র প্রদান করা সম্ভব হবে অপরদিকে এ দপ্তরের লাইসেন্সিং কার্যক্রমও পর্যায়ক্রমে ডিজিটালাইজ করা যাবে। এতে গ্রাহক সেবার মান উন্নয়নে আমূল পরিবর্তন সাধিত হবে।

২০২০ সালের মধ্যে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের নিজস্ব অফিস ভবনে প্রধান কার্যালয় স্থানান্তর এবং সাংগঠনিক কাঠামোতে জনবল বৃদ্ধিসহ বিভাগীয় শহরে অফিস স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপিত হলে লাইসেন্সিং কার্যক্রম এবং উপকেন্দ্রের অনুমোদনপত্র গ্রহণের জন্য গ্রাহকদের ঢাকায় আসতে হবেনা। ফলে গ্রাহকদের ভোগান্তি লাগবে এবং গ্রাহক সেবার মানে আমূল পরিবর্তন সাধিত হবে।



(মোহাম্মদ বজলুর রহমান)

বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক

(অতিরিক্ত সচিব)

ফোন: ৪৭১১০৪০৬

Email: eadvisor@pd.gov.bd